

কেন স্বার্থপর

ভোরবেলা ঘুম চোখ খুলেই তোমার মুখ
স্নাত স্নিগ্ধ এলোচুলে দেবীটি বুঝি বা
একরাশ জুঁই ফুল বারে পড়ছে স্নিত হাসি থেকে
ধুমায়িত পেয়ালার ধরে রাখা অপরিষ্কৃত সুখ

গলায় ঝরনার গান, গানে গানে নন্দিত ভুবন
ঘরের ঘরনী তুমি শুধুমাত্র শোভার অধিক,
তুমি আলো উপস্থিতি প্রত্যেক বারেই আবির্ভাব
তোমার কথার ছন্দে দীপ্ত বোধ মেধার বন্ধন।

এত আলো এত দীপ্তি অভিভূত রাখে চেতনাকে
যতক্ষণ তৃষ্ণা আছে ততক্ষণ ঘুমে অহমিকা
সে সাপ জাগলে পরে শাসনের বন্য আক্রমণ--
নিয়ত ছোবল দিয়ে রাখতে চায় অধীনে তোমাকে

লোভ নয় আমি জানি এ আমার বিড়ম্বিত ভয়
আমার সীমার থেকে দূরে থাকা সহ্য করিনা --
সংগোপনে যদি কেউ আমার সম্পদ নিয়ে যায়
তাই এত সতর্কতা তাই এত শাসন আশ্রয়।

বাধ্য স্বার্থপরতায় মনের এ দীন দুর্বলতা
হে প্রেয়সী ক্ষমা করো তোমাকে দিই নি স্বাধীনতা

অগ্নিমা চট্টোপাধ্যায়

